



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৮ জুন ২০২০

প্রেস বিজ্ঞপ্তি

দীঘিনালায় ইউপিডিএফ সদস্যকে হত্যার নিন্দা

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ) খাগড়াছড়ি জেলা ইউনিটের অন্যতম সংগঠক অনি চাকমা আজ রবিবার ২৮ জুন ২০২০ এক বিবৃতিতে জেলার দীঘিনালা উপজেলায় ধর্মজয় ত্রিপুরা নামে এক ইউপিডিএফ সদস্যকে গুলি করে হত্যার নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

বিবৃতিতে তিনি হত্যাকারীদের গ্রেফতারের দাবি জানিয়ে বলেন, আজ সকাল ৮টার দিকে তার নিজ এলাকা হাজাছড়া দোকানের সামনে রাষ্ট্রীয় মদদপুষ্টি ঠ্যাঙারে বাহিনীর সদস্যরা তাকে খুব কাছে থেকে গুলি করে হত্যা করে।

তিনি জানান, ‘ ধর্মজয় ত্রিপুরা (৩০) হাজাছড়া এলাকার বিষ্ণু কার্বারী পাড়ার শশীচরণ ত্রিপুরার ছেলে। তিনি দুই বছর আগে নিজের ভুল বুঝতে পেরে সংস্কারবাদী জেএসএস ত্যাগ করে ইউপিডিএফে যোগদান করেছিলেন। সে সময় তিনি সংস্কারবাদীদের সাথে রাষ্ট্রীয় বাহিনীর আঁতাত ও তাদের অপকর্মের কথা ফাঁস করে দিয়েছিলেন। এ কারণে তার উপর অনেকের আক্রোশ থাকতে পারে।’

ঠ্যাঙারে বাহিনীর সদস্যরা দীর্ঘ দিন ধরে তাকে খুন করার চেষ্টা চালিয়ে আসছিল এবং এ কথা তিনি জানতেন বলে অনি চাকমা দাবি করেন।

তিনি অবিলম্বে হত্যাকারীদের শাস্তি এবং পার্বত্য চট্টগ্রামে বিচার বহির্ভূত হত্যাসহ মানবাধিকার লঙ্ঘন বন্ধের দাবি জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)